দৈনিক ইত্তেফাক

তারিখ 08 MAR 1989
পৃষ্ঠা 7 কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৬৩

009

# নূতন শিক্ষা প্রতিষ্ঠান আর সরকারী অনুদান চাহিতে পরিবে না

ভোলা, ৭ই মার্চ (নিজস্ব সংবাদ দাতা)—এখন হইতে দেশে কোন নুতন স্কুল-কলেজ প্রতিষ্ঠা করিতে চাহিলে প্রতিষ্ঠান সমূহের পরিচালনা পরিষদ কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাইতে হইবে যে, স্কুল-কলেজ পরিচালনায় কোন সরকারী অনুদানের প্রয়োজন নাই।

অন্যদিকে স্বীকৃতি প্রাপ্ত স্কুল ও কলেজে নূতন কোন শ্রেণী বা বিভাগ খুলিতে চাহিলেও অনুরূপ ভাবে লিখিত দিতে হইবে যে, কোন প্রকার সরকারী অনুদান চাওয়া হইবে না।

জানা যায়, গত বছর ৫ই নভেম্বর শিক্ষা মন্ত্রণালয় হইতে দেশের ৪টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের নিকট এই মর্মে পত্র দেওয়া হইয়াছে যে, নূতন কোন স্কুল-কলেজ প্রতিষ্ঠা করা বা স্বীকৃতি লাভের জন্য এবং কোন স্বীকৃতি-প্রাপ্ত স্কুল-কলেজে নূতন কোন বিষয় বা বিভাগ খুলিতে চাহিলে তিন টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদ লিখিত দিতে হইবে যে, প্রতিষ্ঠানের জন্য নূতন কোন বিষয় খোলার জন্য বা স্বীকৃতি পাওয়ার জন্য বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত হইলে উহার জন্য কোন সরকারী অনুদান প্রয়োজন নাই। ইহাছাড়া ভবিষ্যতে প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষিকাদের জন্য কোনরূপ সরকারী অনুদান দাবী করা হইবে না মর্মেও অঙ্গীকার করিতে হইবে।